দীর্ঘকাল ধরিয়া
সুনাম ও সততার
সঙ্গে
বিশেষত্ব বজায় রেখেছে
পণ্ডিত-প্রেস
সকল প্রকার ছাপার কাজের
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহরমপুর এক্সরে ক্লিনিক
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর : মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫৫শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—২৬শে ভাদ্র বুধবার, ১৩৭৫ ইং 11th Sept. 1968 | ১৮-শ সংখ্যা


সকল ঘরের তরে..
দীপ্তি লণ্ঠন
ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

রান্নায় আনন্দ
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া ও থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।

খাস জনতা
কেরোসিন কুকার
প্রস্তুতকারক
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২

পূজার বাজার এখানেই করুন
ভারতের সকল প্রান্ত হইতে আমদানী
প্রসাধন ও উপহার সামগ্রী হোসিয়ারী দ্রব্য, উল,
মাথার ফিতা, খেলার সরঞ্জাম ও সব রকম
প্রয়োজনীয় দ্রব্যের সরবরাহক।
কর্ম্মাধ্যক্ষ—খেলা ঘর
রঘুনাথগঞ্জ চাউলপটী, মুর্শিদাবাদ



স্কুল, কলেজ ও পাঠাগারের
মনের মত ভাল বই
সবচেয়ে সুবিধায় কিনুন।
STUDENTS' FAVOURITE
Phone—R.G.G. 44.

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

২৬শে ভাদ্র বুধবার সন ১৩৭৫ সাল।

## ॥ শিক্ষক-দিবসের রূপরেখা ॥

--o--

মহাসমারোহে দেশের আনাচে কানাচে 'শিক্ষক-দিবস' উদ্‌যাপিত হইয়াছে। রাজ্যে রাজ্যে, তত্রত্য জেলায় জেলায় ও মহকুমা শহরগুলিতে নির্দিষ্ট কর্মসূচী ( সরকারী নিয়ন্ত্রণে ) অনুযায়ী শিক্ষক সম্প্রদায়ের প্রতি অসীম শ্রদ্ধা জ্ঞাপন করা হইল। জাতি গঠনের পবিত্র দায়িত্ব লইয়া জ্ঞান-তপস্বীর দল নিজেদের কর্তব্য নিষ্ঠা সহকারে জীবনের সুদীর্ঘ কর্মকালের মধ্যে পালন করিয়া আসিয়াছেন। তাহার স্বীকৃতির অঙ্গ হিসাবে 'শিক্ষক-দিবস' উদ্‌যাপিত হইতেছে। এই দিনটিতে জনসাধারণ শিক্ষককুলকে সম্মানিত করিয়া আপনাদের গৌরবান্বিত করিতেছেন।

কিন্তু শিক্ষকদের মনের কথা এই দিনে কেহ কি শুনিতে চাহিয়াছেন? অধিকাংশ সভা-অনুষ্ঠানই বাঁধাধরা বুলি কপচাইয়া শেষ করা হয়। শ্রদ্ধাঞ্জলি নিবেদন ও তাহা গ্রহণ এই দিনের প্রধান কর্মসূচী। শিক্ষার ধারা-প্রকৃতির বিষয়ে, দেশের শিক্ষানীতির সম্পর্কে শিক্ষকদের অন্তরের কথা, সার্থক আলোচনার কথা এই দিনটির একটি অঙ্গ হইলে সুখী হইবার অবকাশ ছিল। আশার কথা, এই মহকুমা শহরে শিক্ষক-দিবসের সভা-অনুষ্ঠানে শিক্ষকদের লইয়া শিক্ষা-সংক্রান্ত একটি আলোচনা-চক্রের ব্যবস্থা করা হয়। কিন্তু নিরাশ হইলেন অনেকে যখন এই চক্র সভার অন্তে গিয়া ঠেকিল। ফলে 'নমো নমো' আকারে যাহা হইবার, তাহাই হইল। সত্যই তো, আজিকার দিনে এই সব আলোচনা যত কম হয়, ততই ভাল। শিক্ষার ব্যাপারে সমালোচনাগন্ধী আলোচনা রাজনীতির আবর্তে পড়িতে কতক্ষণ? তাহার জন্য বিক্ষোভ-মিছিল আছে, রাজা সুবোধ মল্লিক স্কোয়ার আছে। শিক্ষকদের ভাগ্যোন্নতির ( টাকার ব্যাপারে, পেন্সন-গ্রাচুইটি প্রভৃতিতে ) কথা ফলাও করিয়া ঘোষণার পরও চালু হওয়ার জন্য নানা প্যাঁচের 'গ্যাঁড়াকল' চলুক, শিক্ষার প্রসারের ঢক্কানিনাদের অন্তরালে শিক্ষা-সংহার বহাল থাকুক, ত্রিভাষাসূত্র দীর্ঘজীবী হউক, ছাত্রদের ঘাড়ে বোঝা বাড়িয়াই চলুক, মাধ্যমিক শিক্ষার দশ বছরের পর্যায়কে ১১ বা ১২ বছরের জাহান্নামে ঠেলিয়া দিয়া 'যেমন খুশী সাজাও' চলিতে থাকুক। শিক্ষকদের বলিবার কি থাকিবে? তাঁহারা ত এখন হুকুম তামিলকারী।

প্রাচীন ভারতে শিক্ষার পৃষ্ঠপোষক ছিলেন সরকার। বর্তমান ভারতে শিক্ষা ও শিক্ষকের নিয়ামক সরকার। বেচাল দেখিলেই কাগজীমুদ্রা অনুদানের ডেমোক্লিসের খড়্গ প্রস্তুত। শিক্ষা ব্যবস্থাকে কেন্দ্র করিয়া ২০ বৎসরের পরীক্ষা-নিরীক্ষায় পশ্চিমবঙ্গের শিক্ষানীতি ভাঙ্গি ভাঙ্গি করিতেছে। এই বৃহৎ রাষ্ট্রের প্রদেশে প্রদেশে ভিন্ন বৈশিষ্ট্যের মধ্যে একই শিক্ষানীতিতে সুফল ফলিবে না বলিয়া অনেকে মনে করেন। আবার কোথাও কোথাও দাবী উঠিয়াছে যে, এই রাজ্যের মাধ্যমিক শিক্ষা পূর্বের ১০ বৎসরের, কলেজের ইণ্টারমিডিয়েট শিক্ষা ২ বৎসরের এবং দুই বৎসরের ডিগ্রি কোর্স আবার চালু হউক; তাহাতে প্রকৃত মঙ্গল হইবে। এদিকে অঞ্চল বিশেষে ইংরাজী ভাষার প্রতি উন্নাসিকতা, উগ্র হিন্দীপ্রেম, অপর দিকে অস্থির শিক্ষানীতি—ইহার উপর কোন কিছু বলার কথা কি শিক্ষকদের নাই? শিক্ষক-দিবস স্মারক পতাকা কিনিয়া, দু' চার জন অবসরপ্রাপ্ত দুঃস্থ শিক্ষককে যৎসামান্য খোরাকী (?) দিয়া, কিছু শিক্ষককে মানপত্র দিয়াই কি আজিকার কর্তব্য শেষ হইবে? যাহা বাস্তব, যাহার আলোচনা ঔচিত্যের দাবী রাখে, তাহাতে রাজনীতির গন্ধ পাওয়ার অভিযোগ কেন উঠিতে পারে—স্বাধীন ভারতের জনগণের ইহা এক বিষম ভাবনা। শিক্ষককে সরকারী ফরমানের তামিলকারী করার নীতি যতদিন না যায়, ততদিন সহকার শাখাশোভিত মঙ্গলকলস শুধু ব্যঙ্গই করিবে।

——

## জঙ্গিপুর মহকুমায় সেন্‌ডা গ্রামে অগভীর নলকুপের উদ্বোধন

গত ৯ই সেপ্টেম্বর সোমবার ১নং রঘুনাথগঞ্জ ব্লকের সেন্‌ডা গ্রামে শ্রীশ্যামাপদ মুখোপাধ্যায় মহাশয় এর জমিতে একটি নলকূপ বসিয়ে ১নং রঘুনাথগঞ্জ ব্লকের প্রথম অগভীর নলকূপ পরিকল্পের উদ্বোধন করা হয়। এই পরিকল্প আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন মুর্শিদাবাদ জেলার সমাহর্তা শ্রীবরদাচরণ শর্ম্মা মহাশয়। এই উপলক্ষে এক আনুষ্ঠানিক সভার সভাপতি শ্রীশর্ম্মা মহাশয় বলেন যে এই অগভীর নলকূপ পরিকল্পের দ্বারা জেলার কৃষিক্ষেত্রে শ্রীবৃদ্ধি আসবে। অগভীর নলকূপের মালিক শ্রীশ্যামাপদ মুখোপাধ্যায় মহাশয়কে অভিনন্দন জানিয়ে প্রধান অতিথি জঙ্গিপুরের মহকুমা-শাসক শ্রীঅসিতরঞ্জন দাশগুপ্ত মহাশয় বলেন যে এই পরিকল্প সফলতার জন্য প্রয়োজন জনসাধারণের সক্রিয় সহযোগিতা। এই পরিকল্প নিয়ে আলোচনা করেন শ্রীশ্যামাপদ মুখোপাধ্যায় মহাশয়, শ্রীসত্যশম্ভু নাগ মহাশয় ও স্থানীয় ব্লকের উন্নয়ন আধিকারিক শ্রীদেবব্রত বসু মহাশয়। পাঁচ শতের অধিক চাষী এই সভায় উপস্থিত ছিলেন।

( মহকুমা তথ্য দপ্তর )

——

## শিক্ষক দিবস

৫ই সেপ্টেম্বর বৃহস্পতিবার স্থানীয় ম্যাকেঞ্জী হলে সন্ধ্যা ৬টায় ৮ম বার্ষিক শিক্ষক-দিবস অনুষ্ঠিত হয়। সভা আরম্ভ হওয়ার পূর্ব্বে বৈকাল ৪॥০টায় মাধ্যমিক ও প্রাথমিক শিক্ষকদের মধ্যে ম্যাকেঞ্জী মাঠে এক প্রীতি ফুটবল খেলা হয়। খেলায় উভয় পক্ষই ১টী করিয়া গোল করে এবং খেলাটি অমীমাংসিতভাবে শেষ হইলে মুদ্রাক্ষেপণে প্রাইমারী শিক্ষকগণ জয়লাভ করিয়া রাধাকৃষ্ণণ কাপ ও মাধ্যমিক শিক্ষকগণ জাকির হোসেন কাপ লাভ করেন।

ম্যাকেঞ্জী হলে যে সভা অনুষ্ঠিত হয় তাহাতে যথাক্রমে শ্রীবিষ্ণু সরস্বতী ও শ্রীপ্রসন্নকুমার মুখোপাধ্যায় মহাশয়দ্বয় সভাপতি ও প্রধান অতিথির আসন গ্রহণ করেন। এই মহকুমার সাতজন শিক্ষককে "আদর্শ শিক্ষক" রূপে স্বীকৃতি দেওয়া হয় এবং অভিজ্ঞান স্বরূপ তাঁহাদের একখানি ধুতি,

গায়ের চাদর ও মানপত্র দেওয়া হয়। যাঁহাদের স্বীকৃতি দেওয়া হয় তাঁহাদের মধ্যে ছিলেন স্থানীয় জঙ্গিপুর কলেজের ভূতপূর্ব্ব অধ্যক্ষ মহাশয় শ্রীভবরঞ্জন দে ও অধ্যাপক শ্রীজ্ঞানেন্দ্রকুমার সরকার। মাধ্যমিক শিক্ষক শ্রীপূর্ণচন্দ্র সাহা, শ্রীব্যোমকেশ দাস ও প্রাথমিক শিক্ষক শ্রীবনবিহারী বন্দ্যোপাধ্যায়, শ্রীশ্রীশচন্দ্র দাস, আব্বাস আলী সেখ মহাশয়গণ। সভায় নৃত্য, গীত, আলোচনাচক্র ও আবৃত্তি পরিবেশন করা হয়। রাত্রি প্রায় দশটার সময় স্থানীয় মহকুমা-শাসক মহাশয় সভাপতি ও সকলকে ধন্যবাদ দেওয়ার পর সভার কার্য্য শেষ হয়।

আলোচনা চক্র—জাতীয় চরিত্র গঠনে শিক্ষকদের ভূমিকা।

অংশ গ্রহণ করেন—মঃ সোহরাব ( প্রধান শিক্ষক বাড়ালা ) শ্রীনীহারকুমার চৌধুরী ( প্রধান শিক্ষক কাঞ্চনতলা ) শ্রীহরিলাল দাস, প্রাথমিক শিক্ষক পক্ষে শ্রীজিতেন্দ্রনাথ সাহা ও শ্রীতোফাজ্জল হোসেন।

অভিভাবক পক্ষে—শ্রীঅম্বিকাচরণ দাস মহাশয়।

## প্রাপ্ত

গত ৮-৯-৬৮ তারিখে ওয়েষ্ট বেঙ্গল নন-মেডিক্যাল টেক্‌নিক্যাল পারসোন্নেল ( স্যানিটারী এণ্ড ফিল্ড সার্ভিসেস ) এ্যাসোসিয়েশনের জঙ্গীপুর মহকুমা কমিটির উদ্যোগে স্থানীয় রঘুনাথগঞ্জ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে স্যানিটারী এণ্ড ফিল্ড সার্ভিসেস পর্য্যায়ের কর্ম্মীবৃন্দের একটি সাধারণ সম্মেলন অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন সংস্থার সাধারণ সম্পাদক শ্রীসঞ্জীব দাশগুপ্ত। জেলা সম্পাদক শ্রীরথীন্দ্রকুমার রায় প্রধান অতিথির আসন গ্রহণ করেন। সভায় বিভিন্ন বক্তা স্থানীয় সাবডিভিসন্যাল হেলথ অফিসার মহাশয়ের কর্ম্মীদের প্রতি নিপীড়ন-মূলক আচরণের প্রতিবাদে বক্তৃতা করেন এবং অবিলম্বে উর্দ্ধতন কর্ত্তৃপক্ষকে এ ব্যাপারে হস্তক্ষেপের দাবী জানান। সভায় সংস্থার জঙ্গীপুর মহকুমা সম্পাদক শ্রীযতীন্দ্রনাথ পালের অহেতু বদলীর তীব্র নিন্দা করিয়া অবিলম্বে বদলীর আদেশ রদ করার প্রস্তাব কর্ত্তৃপক্ষের নিকট করা হয়। সাধারণ সম্পাদক ও জেলা সম্পাদক সংস্থার সাংগঠনিক দিক তুলিয়া ধরিয়া কর্ম্মীদের আরও ঐক্যবদ্ধভাবে অগ্রসর হওয়ার আহ্বান জানান। সভায় সর্ব্বশ্রী যতীন পাল, ফণী সরকার, জীবনবন্ধু সরকার, স্মরজিত পাল প্রভৃতি বক্তৃতা করেন।

—শ্রীরথীন্দ্রকুমার রায়

## নিগৃহীত যাত্রী

গত ৯-৯-৬৮ তারিখে সাগরদীঘি থানার অন্তর্গত মোরগ্রাম ষ্টেশনে বেলা ১-৩০ ঘটিকার সময় বোখারা নিবাসী ট্রেণযাত্রী শ্রীজয়ন্তকুমার দত্ত সাঁকো বাজারের এসবাস হাজির পুত্র সামশের কর্ত্তৃক নিগৃহীত হন। ঘটনার বিবরণে প্রকাশ যে, গত ১৯শে ভাদ্র, ৭৫ ( ইং ৪-৯-৬৮ ) তারিখে জঙ্গিপুর সংবাদে প্রকাশিত 'প্রাপ্ত সাধু সংগ্রাম' শীর্ষক কয়লা চুরি ঘটনাটির জন্য দাগী আসামী সামশের এবং তাহার পার্টির যে অপূরণীয় ক্ষতি হইয়াছে ( কারণ কয়লা চুরি করিয়া ভোগ করিতে না পারায় ) সেই ক্ষতি-পূরণ আদায়ের জন্য তাঁহাকে পাকড়াও করে। কিন্তু নিকটবর্ত্তী দোকানদার লছমনপ্রসাদ, বিশু দত্ত প্রমুখ কয়েকজন ব্যক্তি ছুটিয়া আসিয়া তাঁহাকে উদ্ধার করেন।

ঘটনার বিবরণে আরও প্রকাশ ফুলবাড়ী হইতে মোরগ্রাম ষ্টেশন যাওয়ার প্রাক্কালে রাস্তায় বহু যাত্রীদেরই এই দুষ্কৃতকারীদের সমাজবিরোধী কার্য্য-কলাপে দুর্ভোগ ভোগ করিতে হয়। ট্রেণের ওয়াগন ভাঙ্গিয়া মাল চুরি, যাত্রীদের ছিনতাই, জোরপূর্ব্বক টাকা আদায়, চুরি, ফিতা খেলা ( জুয়া ) প্রভৃতি সমাজবিরোধী কার্য্যকলাপের বহুল তথ্যাদি পাওয়া যায় এবং এই সমস্ত কার্য্যকলাপের জন্য প্রায়ই ছোটখাট স ঘর্ষ ঘটে ও তাহাদের পার্টিকেও মাঝে মাঝে বেশ উত্তম মধ্যম দেওয়া হয়, তবুও তাহারা প্রকাশ্য দিবালোকে সমাজবিরোধী কার্য্যে রত কেন? পুলিশ বিভাগ কি ইহার সদুত্তর দিবেন?

- সংবাদদাতা

## পুষ্করিণী বিক্রয়

সাগরদীঘি থানার অন্তর্গত মণিগ্রামে ছয় বিঘা জলা একটি পুষ্করিণী বিক্রয় হইবে। নিম্নে সত্বর অনুসন্ধান করুন।

পণ্ডিত-প্রেস
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

## এম-এ পরীক্ষায় সাফল্য

আমাদের পরিচিত নিম্নে মুদ্রিত শিক্ষক-শিক্ষিকা-গণ এম-এ পরীক্ষায় বাংলা ভাষায় দ্বিতীয় শ্রেণীতে সফলকাম হইয়াছেন।

১। শ্রীহরিলাল দাস, সহকারী শিক্ষক রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বিদ্যালয়।

২। শ্রীজ্যোৎস্না ব্যানার্জ্জী, সহকারী প্রধানা-শিক্ষিকা রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বালিকা বিদ্যালয়।

৩। শ্রীসুকুমার সেন, সহকারী শিক্ষক লালগোলা এম, এন একাডেমী।

বহরমপুর গোরাবাজারের শ্রীভারতী দে সরকার, অস্থায়ী শিক্ষিকা, রঘুনাথগঞ্জ উচ্চতর মাধ্যমিক বহুমুখী বালিকা বিদ্যালয়। সংস্কৃত ভাষায় এম-এ পরীক্ষা দিয়া দ্বিতীয় শ্রেণীতে দ্বিতীয় স্থান অধিকার করিয়াছেন।

আমরা উপরোক্ত শিক্ষক-শিক্ষিকাগণের ক্রমোন্নতি কামনা করি।

## রঘুনাথগঞ্জ সার্বজনীন দুর্গোৎসব—১৩৭৪

আয় ব্যয়ের হিসাব

জমা—চাঁদা আদায় ১৩৯২.৪০

খরচ—প্রতিমা ২০৭.৭৫, মণ্ডপ নির্ম্মাণ ১৯০.৪২ পূজা ৩১৩ ৭৮, লক্ষ্মীপূজা ৩২ ৪৯, নরনারায়ণ সেবা ২০৪ ৯২, আমোদ প্রমোদ ২৬.৭৮, ইলেকট্রিক ১৫৭.০০, প্রতিমা নিরঞ্জন ১৮ ০০, বাজনা ১০১.০০ মণ্ডপ ভাঙ্গা ৮১.৬০, বিবিধ ৩৮.০০ মোট খরচ ১৩৭১ ৭৪ উদ্‌বৃত্ত ২০.৬৬

শ্রীপরমেশ পাণ্ডে, সম্পাদক
রঘুনাথগঞ্জ

## শ্রীকান্তবাটী পি, এস, এস, শিক্ষানিকেতনে চুরি

রঘুনাথগঞ্জের অনতিদূরে জঙ্গিপুর রোড রেল ষ্টেশনে যাইবার জাতীয় সড়কের দক্ষিণ পার্শ্বে উক্ত বিদ্যালয়ের নবনির্ম্মিত গৃহে বিগত ১৫ই জুন চুরি হইয়াছিল। পুনরায় গত ১০ই সেপ্টেম্বর রাত্রে চোরে দরজার পর্দ্দা ও বিজ্ঞান বিভাগের কয়েকটী যন্ত্রপাতি লইয়া গিয়াছে। বারংবার এভাবে চুরি হওয়ায় স্কুলের আর্থিক ক্ষতির সম্ভাবনা।



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি. কে, সেনের

# আমলা কেশ

সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

---

## পূজায় শ্রেষ্ঠ উপহার

বাংলায় এবং বাংলার বাইরে লক্ষ লক্ষ নর-নারী প্রতিদিন ব্যবহার করে প্রমাণ করছেন যে

নতুন করে ডাবর আমলা কেশ তৈলের

বিজ্ঞাপনের প্রয়োজন নেই। এর স্নিগ্ধতা, এর উপকারিতা, এর মিষ্টি গন্ধ—একবার ব্যবহার করলে সারা জীবনে ভোলা যায় না।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ
অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)


---


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।



প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্ট্যাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

# আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-১
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

---

:হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

---

আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের

## পামারি

চুলকুনি ও সর্ব্বপ্রকার চর্ম্মরোগের অব্যর্থ মহৌষধ

কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ


---


*জঙ্গিপুর সংবাদ* সাপ্তাহিক সংবাদপত্র।

বার্ষিক মূল্য সডাক ৪'০০ চারি টাকা, শহরে ৩'০০ তিন টাকা, প্রতি সংখ্যা দশ পয়সা।

বিজ্ঞাপনের হার:—প্রতিবার প্রতি লাইন ৫০ পয়সা। প্রতিবার প্রতি সেন্টিমিটার ১'০০ এক টাকা। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন।

ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)